গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
LMIS প্রকল্প
পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-২)
আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৫২.০১.০০০০.৬০১.১৪.১৬৬.১৫- ২২৬

তারিখঃ ১২ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ

কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'Improving of Labour Statistics and Labour Market Information System through Panel Survey (LMIS Project)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যবহারের জন্য সিডিউলে বর্ণিত ২টি Desktop Computer, ২টি Laptop, ১টি Laser Jet Printer ক্রয়/সংগ্রহের নিমিত্ত 'পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬' এবং 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮' অনুযায়ী কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন Request for Quotation (RFQ) এর মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১। বিস্তারিত বিবরণ সম্বলিত কম্পিউটার, ল্যাপটপ ও প্রিন্টার কোটেশন সিডিউল প্রকল্প পরিচালক, LMIS Project, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-২), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর হতে আগামি ০৩-০১-২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

০২। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত কোটেশন বাক্সে সর্বশেষ ০৩-০১-২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ২:৩০ ঘটিকা পর্যন্ত সিডিউল জমা দেয়া যাবে এবং একই দিন বিকাল ৩:০০ ঘটিকায় দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র উন্মুক্ত ও মূল্যায়ন করা হবে।

০৩। কোটেশনের সাথে হালনাগাদ (২০১৬-২০১৭) নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন (১২ ডিজিট বিশিষ্ট) সনদপত্র, হালনাগাদ (২০১৫-২০১৬) আয়কর পরিশোধ সংক্রান্ত সনদপত্র এবং ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট দাখিল করতে হবে।

০৪। সিডিউলে বর্ণিত Specification অনুযায়ী সিডিউলের সঙ্গে ব্রোসিয়ার জমা দিতে হবে।

০৫। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ-এ বর্ণিত মালামাল প্রকল্পের কার্যালয়ে সরবরাহ করতে হবে।

০৬। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তনপূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল ২০১৬-১৭ অর্থবছরের বরাদ্দ ৪র্থ কিস্তি অর্থ ছাড় পাওয়ার পর পরিশোধ করা হবে। এ জন্য প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ০৩ (তিন) কপি বিল ও চালান সরবরাহ করতে হবে।

০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পণ্যে কোন প্রকার ত্রুটি/সমস্যা/কার্যাদেশে বর্ণিত পণ্যের সাথে গড়মিল দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুন সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবী করা যাবে না।

০৮। ইচ্ছুক কোটেশন দাতা প্রতিষ্ঠান একটি কোটেশন পত্রে বিকল্প দর প্রদান করতে পারবে না।

০৯। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(কবির উদ্দিন আহাম্মদ)
প্রকল্প পরিচালক

বিতরণঃ

১) পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা (কোটেশন বিজ্ঞপ্তিটি বিবিএস এর Website-এ প্রকাশের জন্য অনুরোধসহ)।
২) অফিস নোটিশ বোর্ড, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৩) মেসার্স .....।
৪) অফিস কপি।